বীমার এজেন্ট কমিশনে ১৫% ভ্যাট প্রত্যাহার হচ্ছে

দীর্ঘ বিতর্ক ও মামলা-মোকদ্দমার পর অবশেষে বীমা কোম্পানির এজেন্ট কমিশনের ওপর দাবি করা ১৫ শতাংশ ভ্যাট (মূল্য সংযোজন কর) প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। বৃহস্পতিবার জাতীয় সংসদে বাজেট বক্তৃতায় এ-সংক্রান্ত ঘোষণা দিতে পারেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। সাম্প্রতিক বছরগুলোয় মূসক আইন ১৯৯১-এর দ্বিতীয় তফসিলের ধারা ১৪-এর পরবর্তী আদেশ ২৪/মূসক/২০১৩ ও সাধারণ আদেশ ২৫/মূসক/২০১৩-এর আওতায় এজেন্টদের দেয়া কমিশনের ওপর ১৫ শতাংশ হারে ভ্যাট চেয়ে বীমা খাতের কোম্পানিগুলোকে চিঠি দিয়ে আসছিল এনবিআর। রাজস্ব বোর্ডের বক্তব্য ছিল, সরকারি, আধাসরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, বেসরকারি সংস্থা, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান ও লিমিটেড কোম্পানির সেবার কমিশনের ওপর ১৫ শতাংশ হারে মূসক প্রযোজ্য। ২০১৩ সালে সব প্রতিষ্ঠানকে ট্রেজারি চালানের মাধ্যমে এ ভ্যাট প্রদানের নির্দেশ দেয়া হয়েছে। বীমা কোম্পানির এজেন্ট কমিশনও এর ব্যতিক্রম নয়।http://bonikbarta.net

ব্লু-চিপ ও শরিয়াহ সূচক বেড়েছে

টানা দরপতনের পর সপ্তাহের দ্বিতীয় কার্যদিবসে দেশের উভয় পুঁজিবাজারে মিশ্র প্রবণতায় শেষ হয়েছে লেনদেন। দিনের শুরুতে লেনদেনে কিছুটা চাঙ্গা ভাব থাকলেও পরে সূচক কমতে থাকে। দিন শেষে অধিকাংশ সিকিউরিটিজের দর কমায় উভয় স্টক এক্সচেঞ্জেই ব্রড ইনডেক্স কমেছে। অন্যদিকে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের ক্রয়াদেশ বাড়ায় পয়েন্ট যোগ হয়েছে ব্লু-চিপ ও শরিয়াহ সূচকে। বাজার পর্যবেক্ষণে দেখা যায়, ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ব্রড ইনডেক্স ডিএসইএক্স ৩ দশমিক ২৬ পয়েন্ট বা দশমিক শূন্য ৬ শতাংশ কমে দাঁড়ায় ৫ হাজার ৩১৩ দশমিক ৭১ পয়েন্টে। তবে ৭ দশমিক ৫৫ পয়েন্ট বা দশমিক ৩৮ শতাংশ বেড়ে ১ হাজার ৯৭৩ দশমিক শূন্য ১ পয়েন্টে উঠেছে স্টক এক্সচেঞ্জটির ব্লু-চিপ সূচক ডিএস ৩০। এদিকে ৬ দশমিক ৮৪ পয়েন্ট বা দশমিক ৫৬ শতাংশ বেড়ে ১ হাজার ২৩৫ দশমিক শূন্য ৩ পয়েন্টে অবস্থান করছে শরিয়াহ সূচক ডিএসইএস।http://bonikbarta.net

১০ মাসে রফতানি আয় ৫০০ কোটি টাকা

বাণিজ্য বিশেষজ্ঞরা দেশের রফতানি খাতকে বহুমুখী করার কথা বলে আসছেন অনেক দিন ধরেই। রফতানি পণ্যে বৈচিত্র্য আনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে ব্রেড, বিস্কুট ও কেক। সাম্প্রতিক সময়ে এগুলোর রফতানি থেকে দেশের আয়ও হয়েছে বেশ ভালো। চলতি অর্থবছরের প্রথম ১০ মাসে (জুলাই-এপ্রিল) এ আয় ৪৮০ কোটি টাকা ছাড়িয়েছে। আর গত অর্থবছরের একই সময়ের তুলনায় ব্রেড, বিস্কুট ও কেক রফতানি বাবদ আয় বেড়েছে ৪৬ দশমিক ২ শতাংশ। রফতানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) হালনাগাদ পরিসংখ্যানে এ তথ্য উঠে এসেছে। ইপিবির তথ্যমতে, বাংলাদেশ থেকে মোট ছয় ধরনের ব্রেড, বিস্কুট ও কেক রফতানি হয়। এগুলো হলো— ক্রিস্প ব্রেড, জিনজার ব্রেড, সুইট বিস্কুট, ওয়াফেলস অ্যান্ড ওয়েফার্স, রাস্কস টোস্টেড ব্রেড অ্যান্ড সিমিলার

প্রডাক্টস এবং পেস্ট্রি-কেকস। এর মধ্যে সবচেয়ে বেশি রফতানি হয় সুইট বিস্কুট ও রাস্কস টোস্টেড ব্রেড অ্যান্ড সিমিলার প্রডাক্টস। http://bonikbarta.net

২০১৭ সালে সাধারণ বীমার নিট আয় ৩১৫ কোটি টাকা

রাষ্ট্রায়ত্ত পুনর্বীমা জায়ান্ট সাধারণ বীমা করপোরেশন (এসবিসি) ২০১৭ সালে নিট ৩১৪ কোটি ৮২ লাখ ৯৫ হাজার ২৫৮ টাকা আয় করেছে, যা বীমাসংশ্লিষ্ট সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানগুলোর মধ্যে সর্বোচ্চ। ৯৩ কোটি টাকা আয়কর দেয়ার পর প্রতিষ্ঠানের করপরবর্তী মুনাফা দাঁড়ায় ২২২ কোটি টাকা। এসবিসি কর্মকর্তারা জানিয়েছেন, ২০১৭ সালে প্রিমিয়াম ও অন্যান্য উৎস থেকে এসবিসি প্রায় ৫২৩ কোটি টাকা আয় করে। এর মধ্যে অগ্নিকাণ্ডে পুড়ে যাওয়া একটি কারখানার বীমাদাবির বিপরীতে সর্বোচ্চ ১৯৬ কোটি টাকা পরিশোধ করা হয়। নেপালে উড়োজাহাজ দুর্ঘটনার বিপরীতে স্থানীয় ইউএস-বাংলা এয়ারলাইনসকেও ক্ষতিপূরণ দেয় এসবিসি। সব ধরনের বীমাদাবি পরিশোধের পর প্রায় ৩১৫ কোটি টাকা নিট আয় ধরে রাখতে সক্ষম হয় প্রতিষ্ঠানটি। নিট এ আয়ের মধ্যে ১৩১ কোটি টাকা এসেছে পুনর্বীমা ব্যবসা থেকে। দ্বিতীয় সর্বোচ্চ ১০১ কোটি টাকা এসেছে নৌ-বীমা থেকে। অগ্নিবীমা থেকে এসেছে ৪০ কোটি টাকা। বাকি টাকা এসেছে অন্যান্য খাত থেকে।http://bonikbarta.net

রেকর্ড জরিমানায় মুদ্রা পাচার মামলা নিষ্পত্তি কমনওয়েলথ ব্যাংকের

মুদ্রা পাচার ও সন্ত্রাসে অর্থায়নবিরোধী আইন লঙ্ঘনের অভিযোগে দায়ের করা মামলা মীমাংসায় রেকর্ড ৫২ কোটি ৯৩ লাখ ডলার জরিমানা দিতে সম্মত হয়েছে কমনওয়েলথ ব্যাংক অব অস্ট্রেলিয়া (সিবিএ)। অস্ট্রেলিয়ার করপোরেট ইতিহাসে কোনো কোম্পানির বিরুদ্ধে এটিই সবচেয়ে বড় আর্থিক শাস্তি। খবর রয়টার্স। দেশটির আর্থিক খাতের অপরাধ তদন্তকারী সংস্থা অসট্র্যাকের অভিযোগ নিষ্পত্তিতে ৭০ কোটি অস্ট্রেলীয় ডলার (৫২ কোটি ৯৩ লাখ ডলার) জরিমানা দিতে সম্মত হয়েছে অস্ট্রেলিয়ার সবচেয়ে বড় ঋণদাতা প্রতিষ্ঠান সিবিএ। জানা গেছে, মীমাংসার জন্য যে পরিমাণ অর্থ সিবিএ আলাদা করে রেখেছিল, জরিমানার অংকটি তারও দ্বিগুণ। জরিমানার বিষয়টি এখন আদালতের অনুমোদনের অপেক্ষায়।http://bonikbarta.net

সংরক্ষণবাদের বিরুদ্ধে সোচ্চার বৈশ্বিক এয়ারলাইনস সংস্থা

চলমান বাণিজ্যযুদ্ধ ও সংরক্ষণবাদ চর্চাকে জ্বালানির মূল্যবৃদ্ধিতে এরই মধ্যে কমতে থাকা এয়ারলাইনসের মুনাফার জন্য ঝুঁকি হিসেবে দেখা হচ্ছে। ইন্টারন্যাশনাল এয়ার ট্রান্সপোর্ট অ্যাসোসিয়েশন (আইএটিএ) সোমবার এ কথা জানিয়েছে। খবর এএফপি। সিডনিতে চলমান এয়ারলাইন সংস্থাগুলোর বার্ষিক বৈঠকে এ আশঙ্কার কথা জানায় আইএটিএ। বৈঠকে জানানো হয়, ২০১৮ সালের সম্মিলিত নিট মুনাফা পূর্বাভাস কমিয়ে ৩ হাজার ৩৮০ কোটি ডলারে নির্ধারণ করা হয়েছে, যা গেল ডিসেম্বরে ছিল ৩ হাজার ৮৪০ কোটি ডলার। http://bonikbarta.net

১৭ দিনে ১৫ হাজার ২৪৪ টন পেঁয়াজ আমদানি

প্রতি বছর রোজা ও ঈদের সময় দেশের বাজারে পেঁয়াজের চাহিদা বেড়ে যায়। এবারো এর ব্যতিক্রম হবে না, এমন ভাবনা থেকেই রোজার শুরুতে ভারত থেকে পণ্যটির আমদানি বাড়িয়ে দিয়েছেন দেশীয় আমদানিকারকরা। এ ধারাবাহিকতায় রোজা শুরুর পর থেকে এখন পর্যন্ত (১-১৭ রোজা) দিনাজপুরের হিলি স্থলবন্দর দিয়ে ভারত থেকে ১৫ হাজার টনের বেশি পেঁয়াজ আমদানি হয়েছে। http://bonikbarta.net